

💵 বিদ'আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ মুখে উচ্চারণ করে সালাতের নিয়ত পড়া বিদ'আত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: একজন মিসরীয় প্রশ্নকারী বলেন: সালাতে মুখে আওয়াজ করে উচ্চারণ করে নিয়ত পড়ার হুকুম কি?

উত্তর: মুখে উচ্চারণ করে নিয়ত পড়া বিদ'আত, আওয়াজ করে পড়া এর চেয়েও মহা অন্যায়। সুন্নাত হচ্ছে: মনে মনে নিয়ত (তথা স্থির সিদ্ধান্ত গ্রহণ) করা; কেননা আল্লাহ প্রকাশ্য ও গোপনীয় সব বিষয় জানেন।
তিনি বলেন

﴿ قُل اَ أَتُكِلِّمُونَ ٱللَّهَ بِدِينِكُم اَ وَٱللَّهُ يَعِ اللَّهُ يَعِ ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَاللَّهُ بِكُلِّ شَي اَءٍ عَلِيم ١٦ ﴾ [الحجرات: ١٦]

"হে নবী আপনি বলুন: তোমরা কি তোমাদের দ্বীনের ব্যাপারে আল্লাহকে শিখাতে চাও? অথচ আকাশ ও যমীনে যা কিছু আছে সব কিছুই আল্লাহ জানেন। [সূরা হুজুরাত/১৬]

মুখে উচ্চারণ করে নিয়ত পড়া রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে সাব্যস্ত নেই, তাঁন কোনো সাহাবা এবং চার মাযহাবের কোনো ইমামের নিকট থেকেও সাব্যস্ত নেই। কাজেই এর দ্বারা বুঝা যায় যে, তা জায়েয নেই বরং নব আবিষ্কৃত বিদ'আত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11043

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন